# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## প্রাক নির্বাচনী পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর - প্রথম পর্ব শিক্ষাবর্ষ- ২০১৯ - ২০২০

### বাংলা দ্বিতীয় পত্র। বিষয়: বাক্যতত্ত্ব

**প্রিয় শিক্ষার্থীরা,**

আশা করছি প্রাক নির্বাচনী পরীক্ষার জন্য গত পাঁচটি পর্বে দেয়া পাঠ যথাযথভাবে অনুসরণ করেছো। অনাকাঙ্ক্ষিত স্থবিরতার মধ্যেও আমরা পড়াশোনা চালিয়ে যাওয়ার লক্ষ্যে এবার তোমাদের জানিয়ে দেবো কিভাবে প্রশ্নোত্তর তৈরি করবে। আসন্ন প্রাক নির্বাচনী পরীক্ষায় কাঙ্ক্ষিত সাফল্য অর্জনের জন্য আমাদের এই উদ্যোগ তোমাদের পরীক্ষা প্রস্তুতির সহায়ক হবে বলে আমাদের বিশ্বাস।

⭕ প্রশ্ন: ০১- বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কয়টি গুণ থাকে? উদাহরণসহ বুঝিয়ে লেখো।

✅ উত্তর: যে অর্থবোধক শব্দ সমষ্টির মাধ্যমে মানুষ মনের ভাব সম্পূর্ণভাবে প্রকাশ করতে পারে সেই শব্দ সমষ্টিকে বাক্য বলে। ড. মুহাম্মদ শহীদুল্লাহ বলেন, ' একটি সম্পূর্ণ মনোভাব যে সমস্ত শব্দ দ্বারা প্রকাশ করা যায়, তাদের সমষ্টিকে বাক্য বলে। যেমন — মার হাতেই আমি মানুষ।

একটি সার্থক বাক্যের তিনটি গুণ থাকে। 🔯 ১. আকাঙ্ক্ষা 🔯 ২. আসত্তি 🔯 ৩. যোগ্যতা

আকাঙ্ক্ষা : বাক্যে একটি পদ শোনার পরে পরবর্তী পদটি শোনার যে ইচ্ছা বা আগ্রহ তাকেই বাক্যের আকাঙ্ক্ষা গুণ বলে। যেমন যদি বলা হয়---করোনা ভাইরাস প্রতিরোধে----তবে পরবর্তী পদ বা শব্দটি গুলো শোনার আগ্রহ রয়ে যায়। কিন্তু নিয়মিত হাত ধোয়ার অভ্যাস গড়ে তুলতে হবে বললে বাক্যের আকাঙ্ক্ষা গুণ পূর্ণ হয়।

আসত্তি : বাক্যের সুশৃঙ্খল পদবিন্যাসকেই আসত্তি বলে। যদি বলা হয়-- করোনা করতে পারে রোধ সচেতনতাই সংক্রমণ এই বাক্যে পদগুলোর শৃঙ্খলা বা আসত্তি গুণ নেই। আসত্তি গুণ মানলে বাক্যটি হবে -- সচেতনতাই করোনা সংক্রমণ রোধ করতে পারে।

যোগ্যতা : বাক্যের পদগুলোর অর্থগত ও ভাবগত সামঞ্জস্য বা মিলকে বাক্যের যোগ্যতা বলে। যেমন যদি বলা হয় -- গরু আকাশে চরে বললে বাক্যের অর্থ ও ভাব দুটোই রক্ষা হয় না। অর্থ ও ভাব সঙ্গতি রাখতে বাক্যটি হবে গরু মাঠে চরে।

⭕ প্রশ্ন:০২- বাক্য কাকে বলে? বাক্যের কয়টি কয়েকটি অংশ? উদাহরণসহ বাক্যের গুণ গুলো আলোচনা করো।

✅ উত্তর:-- বাক্যে কাকে বলে?( ০১ নম্বর প্রশ্নের উত্তরে দেখে নাও )

বাক্যের দুটি অংশ: 🌐 ১. উদ্দেশ্য 🌐 ২. বিধেয়

বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে উদ্দশ্য বলে এবং উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয় তাকে বিধেয় বলে। যেমন---

| উদ্দেশ্য | বিধেয় |
|---|---|
| শিক্ষক | পরীক্ষার প্রস্তুতি বিষয়ে ছাত্রদের পরামর্শ দিচ্ছেন |

⭕ প্রশ্ন : ০৩- গঠন অনুসারে বাক্য কত প্রকার ? উদাহরণ সহ আলোচনা করো

✅ উত্তর:- গঠনগত দিক থেকে বাক্য তিন প্রকার :
ক. সরল বাক্য, খ. জটিল বাক্য, গ. যৌগিক বাক্য।
ক.সরল বাক্য : যে বাক্যে একটি উদ্দেশ্য ও একটি বিধেয় থাকে, তাকে সরল বাক্য বলে।
যেমন : পাখি আকাশে উড়ে।

খ. জটিল বাক্য : একাধিক খণ্ডবাক্য মিলে যখন পরস্পর সাপেক্ষে ভাব প্রকাশ করে একটি বাক্য গঠন করে তাকে জটিল বাক্য বলে। এই খণ্ডবাক্য গুলোর মধ্যে যেটিতে বাক্যের প্রসঙ্গ শুরু হয় তাকে বলে আশ্রিত খণ্ডবাক্য এবং যেটিতে প্রসঙ্গের সমাপ্তি হয় তাকে প্রধান খণ্ডবাক্য বলে। যেমন - যদি পড়াশোনা কর, তবে পরীক্ষায় ভালো করবে।

গ.যৌগিক বাক্য: দুই বা ততোধিক সরল বা জটিল বাক্য যোজক দ্বারা যুক্ত হয়ে একটি বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যেমন - লোকটি গরীব কিন্তু তিনি কৃপণ নন।

⭕ প্রশ্ন: ০৪- অর্থগতভাবে বাক্যের প্রকারভেদ উদাহরণসহ আলোচনা করো।

✅ উত্তর: অর্থ বা ভাব প্রকাশের ভিত্তিতে বাক্য পাঁচ প্রকার।
১. বর্ণনামূলক বাক্য : যে বাক্যে সাধারণ বর্ণনা বা বিবৃতি প্রকাশ পায় তাকে বর্ণনামূলক বাক্য বলে। যেমন- নীল আকাশে সাদা মেঘ উড়ে। বর্ণনামূলক দুই প্রকার। ক.অস্তিবাচক বা হ্যাঁ বোধক যেমন- আমি নিয়মিত ভোরে ঘুম থেকে উঠি খ. নেতি বাচক বা না বোধক। যেমন- আমি নিয়মিত ভোরে ঘুম থেকে না উঠে থাকি না।

২. প্রশ্ন সূচক বাক্য : যে বাক্যে কোন কিছু জানতে চাওয়া হয়ে, তাকে প্রশ্নসূচক বাক্য বলে। যেমন - তুমি কী সব কয়েকটি প্রশ্নের উত্তর পড়েছো?

৩. ইচ্ছাসূচক বাক্য : যে বাক্যে মনের ইচ্ছা বা আকাঙ্ক্ষা প্রকাশ পায়, তাকে ইচ্ছাসূচক বাক্য বলে। যেমন - নিরাপদ হোক প্রতিটি জীবন। তোমার জীবন আলোকিত হোক।

৪. আজ্ঞাসূচক বাক্য : যে বাক্যে আদেশ, নিষেধ, আবেদন, অনুরোধ, উপদেশ বোঝায় তাকে আজ্ঞাসূচক বাক্য বলে। যেমন - অসহায় মানুষের পাশে দাঁড়াও।

৫. বিস্ময় বা আবেগসূচক বাক্য : যে বাক্যে মনের বিস্ময় বা আবেগ প্রকাশ পায়, তাকে বিস্ময় বা আবেগসূচক বাক্য বলে। যেমন - আহা! লোকটির সর্বনাশ হয়ে গেল।

⭕ প্রশ্ন : ০৫- বন্ধনীর নির্দেশ অনুসারে বাক্যান্তর কর।

i. 🔹বিদ্বান হলেও তার অহংকার নেই( যৌগিক )
✅ উত্তর; তিনি বিদ্বান কিন্তু তার অহংকার নেই।

ii. 🔹ঠাট্টার সম্পর্কটাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই( জটিল )
✅ উত্তর: যেহেতু সম্পর্কটা ঠাট্টার সেহেতু তাকে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই।

iii. 🔹স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ (নেতিবাচক)।
✅ উত্তর: স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার অপূর্ণ নয়।

iv. 🔹যা বাঙালির আত্মজাগরণ, তা অভিনন্দনের দাবি রাখে( সরল )।
✅ উত্তর: বাঙালির আত্মজাগরণ অভিনন্দনের দাবি রাখে।

v. 🔹সদা সত্য কথা বলা উচিত( অনুজ্ঞা )। ✅ উত্তর: সদা সত্য কথা বলা বলবে।

vi. 🔹বাঁশির সুরটি মধুর( বিস্ময়বোধক)। ✅ উত্তর: বাঁশির সুরটি কী যে মধুর!

vii. বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কখনও শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে না( প্রশ্নবোধক )।
✅ উত্তর: বস্তুজিজ্ঞাসা তথা বিজ্ঞান কি কখনও শিক্ষার প্রধান বিষয়বস্তু হতে পারে?

viii. 🔹তিনি ধনী ছিলেন কিন্তু সুখী ছিলেন না (জটিল)।
✅ উত্তর: যদিও তিনি ধনী ছিলেন তথাপি সুখী ছিলেন না।

ix. 🔹যদি পরিশ্রম করো, তাহলে ফল পাবে( যৌগিক )
✅ উত্তর: পরিশ্রম করো এবং ফল পাবে।

x. 🔹মানুষ মরণশীল (নেতিবাচক) ✅ উত্তর: মানুষ অমর নয়।

xi. 🔹সে মরবে, তবুও এ কথা বলবে না ( জটিল )
✅ উত্তর: যদি সে মরেও তথাপি এ কথা বলবে না।

xii. 🔹হৈম তার অর্থ বুঝিল না (অস্তিবাচক) ✅ উত্তর: হৈম তার অর্থ বুঝিতে ব্যর্থ হইল।

xiii. 🔹তিনি আর নেই ( যৌগিক )✅ উত্তর: তিনি ছিলেন কিন্তু আর নেই।

xiv. 🔹সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি ( প্রশ্নবাচক )
✅ উত্তর : সমাজের ধনবৃদ্ধির অর্থ কি ধনীর ধনবৃদ্ধি নয়?

xv. 🔹যিনি পৃথিবীতে আমার ভাগ্যদেবতার প্রধান এজেন্ট, বিবাহ সম্পর্কে তার একটা বিশেষ মত ছিল (সরল)
✅ উত্তর : পৃথিবীতে আমার ভাগ্যদেবতার প্রধান এজেন্টর বিবাহ সম্পর্কে একটা বিশেষ মত ছিল।

মুহাম্মদ আবদুল মোমেন, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ।
পাঠ জিজ্ঞাসায় মুঠোফোনে যোগাযোগ - ০১৭১১৩১৮৮৪৪

🏠 সবার নিরাপদ ও সুস্থ জীবন কামনা করছি।

পরবর্তী নমুনা প্রশ্নোত্তর থাকবে ভাষার অপপ্রয়োগ বিষয়ে।